

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১১৬/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১২ মার্চ, মঙ্গলবার ২০২৪, ২৮ ফাল্গুন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। চিকিৎসা বিজ্ঞানে গবেষণার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর
- ০২। শর্তপূরণ ছাড়া অস্ত্রোপচার না করতে স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশ
- ০৩। দুই-তিন মাসের মধ্যে ইউনিয়ন পর্যায়ে এক লাখ ইন্টারনেট সংযোগ
- ০৪। ২৫ মার্চের মধ্যে উপজেলা নির্বাচনের কেন্দ্র নির্ধারণের নির্দেশ ইসির
- ০৪। রোজায় স্কুল বন্ধ রাখার আদেশ বহাল, আপিল শুনানি আজ

০১। চিকিৎসা বিজ্ঞানে গবেষণার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চিকিৎসা বিজ্ঞানে আরো গবেষণা চালানোর ওপর জোর দিয়ে বলেছেন, সরকার এ খাতে বিশেষ প্রণোদনা প্যাকেজ দেবে। বিজ্ঞান ও চিকিৎসা বিজ্ঞানে গবেষণায় তিনি গুরুত্বারোপ করে বলেন, যারা চিকিৎসা বিজ্ঞান নিয়ে গবেষণায় জড়িত থাকবেন, তাদের জন্য সরকার বিশেষ প্রণোদনা প্যাকেজ দেবে। সোমবার (১১ মার্চ) সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ', 'এনএসটি ফেলোশিপ' ও 'বিশেষ গবেষণা অনুদান' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০২। শর্তপূরণ ছাড়া অস্ত্রোপচার না করতে স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশ

স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন জানিয়েছেন, অস্ত্রোপচারের যাবতীয় ব্যাকআপ সাপোর্ট ও শর্তাবলী পূরণ করা ছাড়া অস্ত্রোপচারের অনুমোদন দেয়া হবে না। সোমবার (১১ মার্চ) সকালে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের সভাকক্ষে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, অনুমোদন ছাড়া অস্ত্রোপচার করতে গিয়ে কোনো দুর্ঘটনা ঘটলে তার দায়দায়িত্ব ওই হাসপাতাল ও চিকিৎসকদের নিতে হবে। শর্তপূরণ ছাড়া অস্ত্রোপচারের কোন অনুমোদন দেয়া হবে না। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০৩। দুই-তিন মাসের মধ্যে ইউনিয়ন পর্যায়ে এক লাখ ইন্টারনেট সংযোগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, ঘরে ঘরে উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট পৌঁছে দিতে সরকার বন্ধপরিকর। তিনি বলেন, ১৭ কোটি মানুষকে ব্রডব্যান্ড ইন্টারনেটের আওতায় আনতে চাই। পাবলিক প্রাইভেট অংশীদারিত্বে আগামী দুই থেকে তিন মাসের মধ্যে ইউনিয়ন পর্যায়ে এক লাখ সংযোগ দেয়া হবে। এজন্য আপনাদের আরও দক্ষ হতে হবে। সোমবার (১১ মার্চ) রাজধানীর বনানীতে ইন্টারনেট সেবাদাতাদের সংগঠন আইএসপিএবি'র নিজস্ব কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৪। ২৫ মার্চের মধ্যে উপজেলা নির্বাচনের কেন্দ্র নির্ধারণের নির্দেশ ইসির

আসন্ন ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের ভোটকেন্দ্র আগামী ২৫ মার্চের মধ্যে চূড়ান্ত করতে মাঠ কর্মকর্তাদের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সোমবার (১১ মার্চ) সংস্থাটির নির্বাচন ব্যবস্থাপনা শাখার উপসচিব রৌশন আরা বেগম নির্দেশনাটি সকল সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা ও জেলা নির্বাচন কর্মকর্তাদের কাছে পাঠিয়েছেন। এক্ষেত্রে আগামী ২৫ মার্চের মধ্যে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে ২৭ মার্চের মধ্যে নির্বাচন কমিশনে বিশেষ দূত মারফত পাঠাতে হবে। খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করতে হবে ১৮ মার্চ; দাবি আপত্তি গ্রহণের শেষ সময় ২১ মার্চ; দাবি আপত্তি নিষ্পত্তির শেষ সময় ২৪ মার্চ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৫। রোজায় স্কুল বন্ধ রাখার আদেশ বহাল, আপিল শুনানি আজ

পবিত্র রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ রাখতে হাইকোর্টের আদেশ আপাতত বহাল রেখেছেন আপিল বিভাগের চেম্বার আদালত। একইসঙ্গে এ বিষয়ে আপিল শুনানির জন্য আজ মঙ্গলবার (১২ মার্চ) দিন ধার্য করেছে আদালত। সোমবার (১১ মার্চ) বিকেলে আপিল বিভাগের চেম্বার বিচারপতি এম ইনায়েতুর রহিম এই আদেশ দেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** বর্তমানে দেশে আশঙ্কাজনক হারে বাড়ছে শিশুদের উপর নির্যাতনের ঘটনা। শিশু নির্যাতন বলতে মূলত শিশুর উপর শারীরিক বল প্রয়োগ করা বা আঘাত করাকে বুঝানো হয়। এ ধরনের নির্যাতন প্রতিরোধে আইন প্রয়োগের পাশাপাশি আরও বেশি সচেতনতা ও সামাজিক আন্দোলন প্রয়োজন।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** এই দেশে প্রতিবছর রোজা আসার আগে থেকেই নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম লাগামহীনভাবে বাড়ানো যেন নিয়মে পরিণত হয়েছে। রমজান মাসে বাজার নিয়ন্ত্রণে সরকার নানামুখী পদক্ষেপ নিয়ে থাকে। তবে, বৈশ্বিক মন্দা পরিস্থিতি এবং ডলার সংকটের কারণে এবার চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারকে আগের তুলনায় বেশি সতর্ক থাকতে হবে।
- (গ) **দৈনিক স্বদেশ সংবাদ:** ক্রমাগত বেড়েই চলেছে নিত্যপণ্যের দাম। বাজারে নিত্যপণ্যের লাগামছাড়া দামে ক্রেতারা প্রতিনিয়ত নাজেহাল হচ্ছেন। কারণ ছাড়াই দাম বাড়িয়ে বিক্রি করাটা যেন সংস্কৃতি হয়ে দাঁড়িয়েছে। পণ্যমূল্য সহনীয় রাখতে সরকারকে জোড়ালো পদক্ষেপ নিতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। কৃষক বাঁচলে, বাঁচব আমরা- সুমন চৌধুরী। (দৈনিক আজকের ময়মনসিংহ)
- ০২। 'ফায়ার হাইড্রেন্ট' স্থাপনে প্রকৃত স্মার্ট হবে বাংলাদেশ- মোমিন মেহেদী। (দৈনিক নিউ টাইমস)
- ০৩। যত সমস্যা তত অসুখ, ফেসবুকে খুব সুখ- রাজু আহমেদ। (দৈনিক স্বজন)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।